

কালের কন্ঠ, ২০২৫-০৬-২০, পৃ: ০৬

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন তরুণদের আরো দায়িত্ববান হতে রাষ্ট্রপতির আহ্বান

নিজস্ব প্রতিবেদক >

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ১৪তম সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ডিগ্রিধারীদের উদ্দেশ্যে বলেন, তাদের এই ডিগ্রি সনদের পাশাপাশি সমাজ, দেশ ও জাতির প্রতি দায়িত্বও অর্পণ করছে। দেশপ্রেমের চেতনায় আগামী দিনে কাজের মাধ্যমে সেই দায়িত্ব পালন করতে হবে। তিনি আরো বলেন, কর্মজীবনই শিক্ষার একমাত্র উদ্দেশ্য নয়, জীবনের প্রতিটি ক্ষেত্রে সততা, ন্যায়-নিষ্ঠা ও দেশপ্রেম প্রতিষ্ঠা করাই শিক্ষার প্রকৃত উদ্দেশ্য। গতকাল বৃহস্পতিবার বিকেলে রাজধানীর আকতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে এই সমাবর্তন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সাবেক প্রধান মন্ত্রিপতি আফাজুল ইসলাম। সমাবর্তন বক্তা ছিলেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা অ্যাডভোকেট সুলতানা কামাল। বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের উপচার্য ত্রাধ্যাপক আহমদ শফি প্রমুখ। অনুষ্ঠানে দুজন শিক্ষার্থীকে স্বর্ণপদকসহ মোট এক হাজার ৪৪৫ জন শিক্ষার্থীকে সনদ প্রদান করা হয়। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ দেশে উচ্চশিক্ষার মান বাড়াতে বিশ্ববিদ্যালয়গুলোকে আরো কার্যকর পদক্ষেপ নেওয়ারও তাগিদ দেন।

সমাবর্তন বক্তব্যে সুলতানা কামাল বলেন, দায়িত্বজ্ঞান, নাগরিকত্ববোধ, দেশের প্রতি নমনোভাব, মানবাধিকার ও দুর্নীতিবিরোধী সংস্কৃতির প্রতি আনুগত্য—সব মিলিয়েই জনগোষ্ঠীর চরিত্র চিহ্নিত হয়। আর গণতান্ত্রিক শাসনব্যবস্থায় জনগোষ্ঠীর চরিত্রের ওপরই তাদের নির্বাচিত প্রতিনিধির চরিত্র নির্ভর করে। তাই বাংলাদেশের যেনব দুর্দশা বিন্যমান, তা থেকে দেশকে মুক্ত করতে জাতীয় চরিত্র পরিবর্তনে যুবসমাজকে এগিয়ে আনতে হবে।

ড. মোহাম্মদ ফরাসউদ্দিন জানান, নথ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্ত পরিবারের শিক্ষার্থীদের মানসম্পন্ন উচ্চশিক্ষা এবং বাংলার ঐতিহ্য-কৃষ্টি ও মুক্তিযুদ্ধের মূল্যবোধে বিশ্বমানের একটি আধুনিক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় কাজ করে যাচ্ছে। সে লক্ষ্যে অসঙ্খল ও মেধাধীদের গত অর্ধবছরেই পাঁচ কোটি ১৩ লাখ টাকার বৃত্তি দেওয়া হয়েছে বলে তিনি উল্লেখ করেন।



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে গতকাল কৃতী শিক্ষার্থীদের মধ্যে সনদ বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।



১
২
৩
৪
৫
৬
৭
৮
৯
১০
১১
১২
১৩
১৪
১৫
১৬
১৭
১৮
১৯
২০
২১
২২
২৩
২৪
২৫
২৬
২৭
২৮
২৯
৩০

ছবি: শিতাথ্য